

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 25.02.2025

Desk in Charge : SDG

Time : 7.50 PM

Compiling & NR : NBR

DEO : KB

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১/ সাম্প্রতিক অকাল বৃষ্টি এবং ডিভিসি-র ছাড়া জলে ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়াতে রাজ্য সরকার, তাদের ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

আলুর সহায়ক মূল্য কুইন্টাল পিছু ৯০০ টাকা ধার্য করা হয়েছে।

২/ রাজ্যে 'চা পর্যটন নীতি' নিয়ে অপপ্রচার চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

৩/ CPIM নেতা মহম্মদ সেলিম, ফের সর্বসম্মতভাবে দলের রাজ্য সম্পাদক নির্বাচিত হয়েছেন।

৪/ শহরবাসীকে উন্নত পুর পরিষেবা পৌছে দেবার জন্য মেয়র ফিরহাদ হাকিম দলমত নির্বিশেষে সকলের সহযোগিতা চেয়েছেন।

৫/ পানাগড়ে গাড়ি উলটে চন্দননগরের তরুণীর মৃত্যুর ঘটনায় পুলিশ এখনো কাউকে থেপ্তার করতে পারেনি।

৬/ সোদপুরে গণপ্রহারে হত্যার ঘটনায় পানিহাটি পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলর তারক গুহ সহ পাঁচজনকে যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দিয়েছে আদালত।

৭/ তারকেশ্বরে শিবরাত্রি মেলা উপলক্ষ্যে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল ২৬ ও ২৭ তারিখ হাওড়া-তারকেশ্বরের মধ্যে একজোড়া স্পেশাল ট্রেন চালাবে।

সাম্প্রতিক অকাল বৃষ্টি এবং ডিভিসির ছাড়া জলে ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়াতে রাজ্য সরকার, তাদের ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বাংলা শস্য বীমা যোজনা প্রকল্পের আওতায় মোট ৩২১ কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ দেওয়া হবে। সাম্প্রতিক বৃষ্টিতে বেশ কিছু জেলায় আলু ও ধান চাষের ক্ষতি হয়েছে।

বাঁকুড়া ও পূর্ব বর্ধমান জেলায় ডিভিসির ছাড়া জলেও আলু নষ্ট হয়ে গেছে। মুখ্যমন্ত্রী বলেন, ওই ভিজে যাওয়া আলু কিনে নিয়ে সুফল বাংলার মাধ্যমে সেগুলি বিক্রি করে দেওয়া হবে।

এছাড়াও রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আজ আলুর সহায়ক মূল্য কুইন্টাল পিছু ৯০০ টাকা ধার্য করা হয়েছে।

রাজ্যে চা পর্যটন নীতি নিয়ে অপপ্রচার চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকের পর তিনি এই নীতি বিশদে ব্যাখ্যা করেন। মুখ্যমন্ত্রী বলেন, চা উৎপাদন বা শ্রমিক স্বার্থের সঙ্গে আপোষ করে বাগানের জমি অন্য কাজে ব্যবহারের কোনো প্রশ্নই নেই। বন্ধ বা লোকসানে চলা চা বাগানের অব্যবহৃত জমি শর্ত সাপেক্ষে আগ্রহী সংস্থাকে চা-পর্যটনের জন্য লিজ দেওয়া হবে।

(বাইট- মুখ্যমন্ত্রী চা)

কুম্ভমেলায় পদপিষ্ট হওয়া সহ মেলার সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন দুর্ঘটনায় যারা প্রাণ হারিয়েছেন, রাজ্য সরকার সেইসব পরিবারকে দ্রুত ক্ষতিপূরণ দেওয়ার জন্যে উত্তরপ্রদেশ সরকারের কাছে দাবি জানিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে সাংবাদিকদের বলেন, যারা সড়ক বা অন্যান্য দুর্ঘটনায় মারা গেছেন, তাদেরকেও ক্ষতিপূরণের আওতায় আনতে হবে। অর্থ সহায়তা না দেওয়ার জন্যই মৃতদেহের ঠিকভাবে ময়নাতদন্ত করা হচ্ছে না এবং ডেথ সার্টিফিকেট দেওয়া হয়নি বলেও তাঁর অভিযোগ। ১৪৪ বছর পর মহাকুম্ভ হয়- এমন তথ্যের সত্যতা নিয়ে প্রশ্ন তুলে গবেষকদের এ ব্যাপারে এগিয়ে আসার আহ্বান জানান।

(বাইট- মমতা কুন্ড)

CPIM নেতা মহম্মদ সেলিমকে ফের একবার সর্বসম্মতভাবে দলের রাজ্য সম্পাদক নির্বাচন করা হয়েছে। এই নিয়ে পরপর দুবার তিনি এই দায়িত্ব সামলাবেন।

হুগলীর ডানকুনিতে আয়োজিত CPIM-এর ২৭ তম রাজ্য সম্মেলন থেকে সর্বসম্মতিক্রমে ৮০ জনের নতুন রাজ্য কমিটি গঠন করা হয়েছে। এর মধ্যে মহিলা রয়েছেন ১৪ জন।

এদিকে, রাজ্য কমিটি থেকে বাদ পড়েছেন বেশ কয়েকজন উল্লেখযোগ্য নেতা। বাংলা থেকে দলের একমাত্র রাজ্যসভা সাংসদ বিকাশ ভট্টাচার্য, রাজ্যের প্রাক্তন মন্ত্রী সুশান্ত ঘোষ, বাঁকুড়ার প্রবীণ নেতা অমিয় পাত্র সহ আরো কয়েকজন নানা কারণে বাদ পড়েছেন।

অন্যদিকে, নতুন মুখ হিসেবে তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন ১১ জন। একইসঙ্গে পাঁচ জন বিশেষ আমন্ত্রিত সদস্য হিসেবে স্থান পেয়েছেন। এরা হলেন - বিমান বসু, সূর্যকান্ত মিশ্র, অমিয় পাত্র, রবীন দেব এবং জীবেশ সরকার।

উল্লেখ্য, চারদিনব্যাপী CPIM রাজ্য সম্মেলন আগামী বৃহস্পতিবার শেষ হবে।

কলকাতা পুরসভার বাজেট অধিবেশনের শেষ দিনে আজ মেয়র ফিরহাদ হাকিম, শহরবাসীকে উন্নত পরিষেবা পৌঁছে দেবার জন্য শাসক ও বিরোধী সহ সব কাউন্সিলারের সহযোগিতা চেয়েছেন। তিনি জানান, যাদবপুর টালিগঞ্জ সহ আশপাশ এলাকায় পরিশ্রুত জলের ঘাটতি মেটাতে কলকাতা পুরসভা ইতিমধ্যেই জল সরবরাহ বৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়েছে। ধাপাতে যে নতুন জল প্রকল্পের কাজ চলছে, শীঘ্রই তা শেষ হবে এবং তাঁর পরই এই সমস্যার সমাধান হবে। মেয়র বলেন, কলকাতা পুরসভা এলাকায় জল সরবরাহ প্রকল্প খাতে ৭০০ কোটি টাকার প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

বিজেপি কাউন্সিলর সজল ঘোষের এক প্রশ্নের জবাবে মেয়র জানান, শহরে বেশ কিছু অবৈধ নির্মাণ ও বাড়ি ভেঙে পড়ার ফলে আবাসিকদের দুরবস্থা কথা মাথায় রেখেই

পুরসভা বেআইনি নির্মাণে কড়া পদক্ষেপ গ্রহণ করেছে। শহরে বিপজ্জনক বাড়ি নিয়ে প্রশ্নের জবাবে মেয়র বলেন, এধরনের বাড়ি ভেঙে দেওয়ার বা বাসিন্দাদের জোর করে সরিয়ে দেওয়ার অধিকার পুরসভার নেই। তবে বিপজ্জনক বাড়ির মালিক ও ভাড়াটিয়ার সহমত থাকলে সেক্ষেত্রে পুর সভা বাড়ি নির্মাণের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দেবে। অধিবেশন শেষে ধ্বনী ভোটে বাজেট গৃহীত হয়েছে।

উল্লেখ্য, ২০২৫-২০২৬ অর্থবর্ষে ১১৪ কোটি ৭২ লক্ষ টাকা ঘাটতি বাজেট পেশ করেন মেয়র ফিরহাদ হাকিম।

রাজ্য সরকার আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার দিনগুলিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করতে সব ধরনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে। বিদ্যুৎমন্ত্রী অরুণ বিশ্বাস আজ বিধাননগরে বিদ্যুৎ ভবনে রাজ্য বিদ্যুৎ বন্টন বিভাগের বিভিন্ন আধিকারিক সহ জেলার কর্ম কর্তাদের সঙ্গে বৈঠক করেন।

উল্লেখ্য, এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামী তেসরা মার্চ।

পশ্চিম বর্ধমানের পানাগড়ে গাড়ি উল্টে হুগলীর চন্দননগরের এক তরুণীর মৃত্যুর ঘটনার পর ৩৬ ঘন্টা কেটে গেলেও পুলিশ এখনো পর্যন্ত কাউকে গ্রেপ্তার করতে পারেনি। অপর একটি গাড়ির সঙ্গে রেষারেষির কারণেই এই দুর্ঘটনা বলে পুলিশ জানিয়েছে। আজ সকালে পুলিশের একটি দল অন্য গাড়িটির মালিকের বাড়িতে গিয়ে কথাবার্তা বলে। ওই গাড়ির মালিক এবং যাত্রীরা এখনো পলাতক। তবে, পুলিশ রেষারেষির তত্ত্বে অনড় থাকলেও মৃতা তরুণী সুতন্দ্রা চট্টোপাধ্যায়ের মা 'ইভটিজিং' হয়েছে বলেই দাবী করেছেন। CID-র একটি দল আজ কাঁকসা থানায় গিয়ে দুর্ঘটনায় জড়িত দুটি গাড়ি পরীক্ষা করে দেখেন।

উল্লেখ্য, ইভেন্ট ম্যানেজমেন্টের কাজে তিন সহকর্মীর সঙ্গে সুতন্দ্রা গয়া যাওয়ার পথে এই দুর্ঘটনা ঘটে।

এদিকে, বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল আজ চন্দননগর গিয়ে মৃত তরুণীর পরিবারের সঙ্গে দেখা করেন। RG KAR-এর মতো এই ঘটনাতেও পুলিশ প্রকৃত সত্য ধামাচাপা দিতে চাইছে বলে তাঁর অভিযোগ।

উত্তর ২৪ পরগনার সোদপুরে ১১ বছর আগে গণপ্রহারে হত্যার একটি ঘটনায় পানিহাটি পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলর তারক গুহকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত। তারক গুহ সহ অভিযুক্ত পাঁচজনকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হলে বিচারক তাদের ও যাবজ্জীবন কারাবাসের পাশাপাশি ১০ হাজার টাকা জরিমানাও ধার্য করেন। বাকি চার জন- হরিপদ সরকার, নেপাল গুহ, জয়দেব মুখার্জি ও শ্যামল দাস।

চুরির অভিযোগে মাছ ব্যবসায়ী শম্ভু চক্রবর্তীকে গণপ্রহার ও খুনের দায়ে গত ২১ শে ফেব্রুয়ারি দোষী সাব্যস্ত হন জামিনে থাকা বর্তমান কাউন্সিলর তারক গুহ এবং আরো চারজন। এরপর তাদের গ্রেপ্তার করা হয়।

উল্লেখ্য, ২০১৪ সালের মহালয়ার দিন চোর সন্দেহে মারধোর করলে শম্ভু চক্রবর্তীর মৃত্যু হয়।

উত্তর কলকাতার কুমারটুলি ঘাটে ট্রলিবাগ করে মৃতদেহ গঙ্গায় ফেলার সময় ধৃত দুই মহিলাকে পুলিশ গ্রেপ্তার করেছে। আরতি ঘোষ ও ফাল্গুণী ঘোষ নামে ধৃত দু'জন সম্পর্কে মা ও মেয়ে। এদের বিরুদ্ধে উত্তর বন্দর থানায় একটি মামলাও রুজু করেছে পুলিশ।

তারকেশ্বরে শিবরাত্রি মেলা উপলক্ষ্যে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল আগামী দুদিন অর্থাৎ ২৬ ও ২৭ তারিখ হাওড়া - তারকেশ্বর এর মধ্যে একজোড়া স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। হাওড়া থেকে দুপুর দুটো ৪৫ মিনিটে এবং

তারেকেশ্বর থেকে বিকাল ৪ টে ৪০ মিনিটে ট্রেনগুলি ছাড়বে। উভয় দিকে যাতায়াতের পথ স্পেশাল ট্রেনগুলি সব স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

অন্যদিকে, মেট্রো রেল, আগামীকাল বু লাইনে ১৩১ জোড়ার পরিবর্তে ১১৮ জোড়া ট্রেন চালাবে। তবে নোয়াপাড়া, দক্ষিণেশ্বর, কবি সুভাষ এবং মহানায়ক উত্তম কুমার স্টেশন থেকে প্রথম ও শেষ ট্রেনের সময় অপরিবর্তিত থাকছে।

কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন আবহাওয়া মূলত শুষ্ক থাকলেও উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পঙের পার্বত্য এলাকায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হতে পারে। দার্জিলিঙের কোথাও কোথাও তুষারপাতের সম্ভাবনা রয়েছে বলেও আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা হাবিবুর রহমান জানিয়েছেন

(বাইট- ওয়েদার হাবিবুর)

ডুমুরজলা স্টেডিয়ামে আজ প্রথম ডিভিশন গ্রুপ-এ ম্যাচে ইস্টবেঙ্গল ২-০ গোলে CESC-কে হারিয়ে দিয়েছে। গোল করেছেন রাজভির সিং ও জাইদ খান।

অন্য ম্যাচে FCI ও টাটা হকি অ্যাকাডেমির খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে।
